

উপস্থিত- মোঃ হাসান জামান, সিনিয়র সহকারী জজ,

সিনিয়র সহকারী জজ, ২য় আদালত, পটিয়া, চট্টগ্রাম।

আদেশ নং-১২  
তারিখ- ২৯/০৫/২০২৩

অদ্য সোলেনামা বিষয়ে আদেশের জন্য দিন ধার্য আছে।

উভয়পক্ষ আদালতে অনুপস্থিত।

বাদী ও ১ নং বিবাদীর মধ্যকার বিগত ২৫/০৫/২০২২ খ্রি: তারিখে এফিডেভিট সহযোগে একখানা সোলেনামা দাখিল করেছেন। যা নথিতে সামিল পাওয়া গিয়াছে।

অতপর নথি সোলেনামা বিষয়ে আদেশের জন্য নেওয়া হলো।

দাখিলী সোলেনামা সহ রেকর্ড পর্যালোচনা করলাম।

বিবাদীপক্ষের বিজ্ঞ কৌসুলি নিবেদন করেন যে, অত্র মামলা চলাবস্থায় উভয়পক্ষের মধ্যকার তর্কিত বিষয় স্থানীয়ভাবে আপোষ মীমাংশা হয়েছে। এখন উভয়পক্ষ তাহাদের মধ্যকার সম্পাদিত সোলেনামা অনুসারে অত্র মামলার ডিক্রিমূলে নিষ্পত্তির প্রার্থনা করেন।

বিবাদীপক্ষের বিজ্ঞ কৌসুলি উভয়পক্ষের মধ্যকার আপোষ মীমাংসার বিষয়টি স্বীকার করেছেন এবং বিবাদীপক্ষ কথিত সোলেনামায় স্বেচ্ছায় ও স্বজ্ঞানে স্বাক্ষর করেছেন মর্মে জানিয়েছেন। বাদীপক্ষে বাদী সৈয়দ মোহাম্মদ সালেহ সোলেনামার সমর্থনে PW-1 হিসাবে জবানবন্দি প্রদান করেছেন। বিবাদীপক্ষ তাকে কোন জেরা করেননি। একইভাবে, বিবাদীপক্ষে ১ নং বিবাদী হাফেজ আহমদ উল্লাহর পক্ষে সোলেনামার সমর্থনে DW-1 হিসাবে জবানবন্দি প্রদান করেছেন। বাদীপক্ষ তাকে কোন জেরা করেননি।

উভয়পক্ষ কর্তৃক সম্পাদিত গত ২৫/০৫/২০২২ খ্রি: তারিখের সোলেনামা পর্যালোচনা করলাম। সোলেনামায় বর্ণিত আপোষের শর্তসমূহ সুষ্ঠু, বৈধ, বাধ্যকর ও কার্যকর মর্মে প্রতীয়মান হয়েছে। আরো প্রতীয়মান হয়েছে যে, উভয়পক্ষ স্বেচ্ছায় অত্র মামলা আপোষে নিষ্পত্তির ইচ্ছা প্রকাশ করেছে এবং দাখিলীয় সোলেনামা উভয়ের মধ্যেকার বৈধ সমোকাতারই প্রতিফলন। সার্বিক বিবেচনায় দাখিলী সোলেনামা অত্র আদালত কর্তৃক গৃহীত হলো। প্রতীয়মান হয় যে, অত্র মোকদ্দমা সোলেনামা অনুসৃতে নিষ্পত্তিযোগ্য।

প্রদত্ত কোর্ট ফি সঠিক।

অতএব,

আদেশ হয় যে,

দলিল সংশোধন ডিক্রীর প্রার্থনায় আনীত অত্র মোকদ্দমা ১ নং বিবাদীপক্ষের  
বিরুদ্ধে সোলেসূত্রে এবং অপরাপর বিবাদীর বিরুদ্ধে একতরফাসুত্রে  
সোলেনামার শর্ত মোতাবেক বিনা খরচায় ডিক্রী প্রদান করা হলো। দাখিলী  
২৫/০৫/২০২২ ইং তারিখের সোলেনামা অত্র ডিক্রীর একাংশ গন্য করা হলো।

এই মর্মে ঘোষনা করা যাচ্ছে, নালিশী তফসিল বর্ণিত ভূমিতে বাদীর উত্তম ও  
অপরাজেয় স্বত্ত্ব রহিয়াছে।

এতদ্বারা ১ নং বিবাদী দাতা হাফেজ আহমদ উল্লাহ কর্তৃক গ্রহীতা বাদী সৈয়দ  
মোহাম্মদ ছালেহ এর অনুকূলে সম্পাদিত পটিয়া সাব-রেজিস্ট্রি অফিস, চট্টগ্রাম  
গত ২৭/০৮/১৯৯৮ খ্রিঃ তারিখে রেজিস্ট্রিকৃত ৪৪৬৫ নম্বর বিক্রয় কবলা  
দলিলের দলিলের তফসিলে সোলেনামার শর্তমতে তফসিলে আর এস ৮১৬৪  
দাগের করেসপণ্ডিং বি এস ৬০৯ খতিয়ানের বি.এস ‘৯০৯৫’ (নয় হাজার  
পঁচানবই) দাগের স্থলে ‘৯০৩৫’ (নয় হাজার পঁয়াত্তিশ) অংক লিপিবদ্ধ করে উক্ত  
মূল দলিল সংশোধন করার (বাদীপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রারের নিকট  
উপস্থাপন সাপেক্ষে) এবং তৎকারণে উক্ত দলিল সংশ্লিষ্ট ১৯৯৮ খ্রিস্টাব্দের বই  
নং-১ এর ৬৪ নম্বর ভলিয়মের সংশ্লিষ্ট ১৩২-১৩৫ পৃষ্ঠায় প্রয়োজনীয় সংশোধনী  
আনয়ন করার জন্য জেলা রেজিস্ট্রার, কোর্ট বিল্ডিং, চট্টগ্রাম কে নির্দেশ দেওয়া  
হলো।

আরজীর সত্যায়িত ফটোকপিসহ অত্র ডিক্রীর অনুলিপি অবগতি ও কার্যার্থে জেলা  
রেজিস্ট্রার, কোর্ট বিল্ডিং, চট্টগ্রাম এবং পটিয়া সাব-রেজিস্ট্রার অফিস, চট্টগ্রাম  
বরাবর প্রেরণ করা হোক।

আমার স্বহস্তে লিখিত ও সংশোধিত

মোঃ হাসান জামান  
সিনিয়র সহকারী জজ  
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,  
পটিয়া, চট্টগ্রাম

মোঃ হাসান জামান  
সিনিয়র সহকারী জজ  
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত  
পটিয়া, চট্টগ্রাম।

অপর মামলা নং-১২৫/২০২০